গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

নির্বাহী পরিচালক, জুট ডাইভারসিফিকেশন প্রমোশন সেন্টার

এবং

সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়-এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০২২ - জুন ৩০, ২০২৩

## সূচিপত্র

দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের সার্বিক চিত্র ........ ৩

প্রস্তাবনা ........ ৪

সেকশন ১: দপ্তর/সংস্থার রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি ........ ৫

সেকশন ২: দপ্তর/সংস্থার বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) ........ ৬

সেকশন ৩: কর্মসম্পাদন পরিকল্পনা ........ ৭

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) ........ ১২

সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক ........ ১৩

সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ ........ ১৪

সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ ........ ১৫

## দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের সার্বিক চিত্র
## (Overview of the Performance of the Department/Organization)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা**

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:**

জুট ডাইভারসিফিকেশন প্রমোশন সেন্টার (জেডিপিসি) বহুমুখী পাটপণ্য উৎপাদন, ব্যবহার, অভ্যন্তরীণ ও আন্তর্জাতিক বাজার সম্প্রসারণ ও মানবসম্পদ উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। বিগত ০৩ (তিন) বছরে জেডিপিসি বহুমুখী পাটপণ্য উৎপাদনকারী উদ্যোক্তাদের দক্ষতা অর্জনের জন্য ১৩৪০ জনকে প্রশিক্ষণ প্রদান করেছে। বহুমুখী পাটপণ্যের প্রচার, প্রসার ও ব্যবহার বৃদ্ধির লক্ষ্যে ১৩ টি সচেতনতা কর্মশালা, ৯ টি ক্রেতা- বিক্রেতা সম্মেলন, ৩৩ টি একক ও যৌথ মেলার আয়োজন করেছে । বহুমুখী পাটপণ্যের সকল সেবাকে উদ্যোক্তাদের কাছে সহজে পৌঁছানোর জন্য জামালপুরে ০১ টি জুট এন্ট্রপ্রেনিয়র সার্ভিস সেন্টার (জেইএসসি) স্থাপন করা হয়েছে। বর্তমানে ২৮২ ধরনের বহুমুখী পাটপণ্য উৎপাদন হচ্ছে ও নতুন ২২৩ জন উদ্যোক্তাসহ মোট ৮২০ জন উদ্যোক্তা তৈরী হয়েছে। দেশী ও বিদেশী ক্রেতাগণ যাতে একটি কেন্দ্র থেকে পছন্দমত বহুমুখী পাটপণ্য ক্রয় করতে পারে সে লক্ষ্যে একটি আন্তর্জাতিক মানের প্রদর্শনী ও বিক্রয় কেন্দ্র চালু করা হয়েছে। Jute Geo-textiles প্রকল্পের আওতায় রাস্তার ক্ষয়রোধ, নদ-নদীর পাড় ভাঙ্গণ ও পাহাড় ধ্বস রোধে ১৪ টি ফিল্ড ট্রায়াল সফলভাবে সম্পন্নের মাধ্যমে প্রযোজ্য ক্ষেত্রে ব্যবহার্য Jute Geo-textiles এর মান নির্ধারণ হয়েছে। পর্যটকদের দৃষ্টি আকর্ষনের জন্য বিমান বন্দরের ডিউটি ফ্রি শপের মাধ্যমে বহুমুখী পাটপণ্য বিক্রয়ের ব্যবস্থা করা হয়েছে। পাট ও বহুমুখী পাটপণ্য সংশ্লিষ্ট তথ্য সংগ্রহ ও সরবারাহের জন্য একটি লাইব্রেরী স্থাপন করা হয়েছে। বহুমুখী পাটপণ্য তৈরীর প্রয়োজনীয় কাঁচামাল উদ্যোক্তাদের সরবরাহের নিমিত্বে ০২ টি কাঁচামাল ব্যাংক স্থাপন করা হয়েছে।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:**

জেডিপিসিকে স্থায়ী কাঠামোতে প্রতিষ্ঠাকরণ; মানসম্পন্ন বহুমুখী পাটপণ্য উৎপাদনে প্রয়োজনীয় দক্ষ জনবল ও প্রযুক্তিগত জ্ঞানের অভাব; ডিজাইন উন্নয়ন ও গবেষণার জন্য প্রয়োজনীয় জনবলের অপ্রতুলতা; ফেব্রিক্স উৎপাদনে আধুনিকমানের লুম ও ডাইং ও ল্যামিনেইশন ফ্যাক্টরীর অভাব; বহুমুখী পাটপণ্যের স্থানীয় ও আন্তর্জাতিক বাজার সম্প্রসারণে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ; জেডিপিসির কার্যক্রমকে ডিজিটালাইজডকরণ।

**ভবিষ্যৎ পরিকল্পনা:**

জেডিপিসিকে স্থায়ী কাঠামোতে প্রতিষ্ঠাকরণের কার্যক্রম গ্রহণ; দক্ষ জনবল, বহুমুখী পাটপণ্যের স্থানীয় ও আন্তর্জাতিক বাজার সম্প্রসারণের লক্ষ্যে Need Based কর্মপরিকল্পনা প্রণয়ন; উন্নতমানের কাঁচামাল সরবরাহের লক্ষ্যে আধুনিকমানের ডাইং ও ল্যামিনেইশন ফ্যাক্টরী স্থাপন; বহুমুখী পাটপণ্যের গবেষণার জন্য জেডিপিসিতে ল্যাব প্রতিষ্ঠাকরণের উদ্দ্যোগ গ্রহণ; ডিজাইন সাপোর্ট সেন্টার স্থাপন। ই-মার্কেটিং চালুকরণ। জেডিপিসির কার্যক্রমকে পর্যায়ক্রমে ডিজিটালাইজকরণ

**২০২২-২৩ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

- উদ্যোক্তাদের দক্ষতা উন্নয়নের জন্য ৩০০ জন উদ্যোক্তাকে প্রশিক্ষণ প্রদান;
- বহুমুখী পাটপণ্যের প্রচার, প্রসার ও ব্যবহার বৃদ্ধির জন্য ০৫ টি সচেতনতা/ উদ্বুদ্ধকরণ কর্মশালা আয়োজন;
- বহুমুখী পাটপণ্যের স্থানীয় ও আন্তর্জাতিক বাজার সম্প্রসারণের জন্য ০৩ টি একক মেলা, ০৫ টি যৌথ মেলা ও ০৫ টি মতবিনিময় সভা আয়োজন;
- মানসম্পন্ন বহুমুখী পাটপণ্য উৎপাদনকারী উদ্যোক্তাদেরকে অ্যাওয়ার্ড/সম্মাননা প্রদান;
- ডিজাইন উন্নয়ন ওয়ার্কশপ ০২টি ও পণ্যের গুনগত মানউন্নয়ন প্রশিক্ষণ ০৩টি আয়োজন;
- ই-মার্কেটিং বিষয়ক ০৫ টি প্রশিক্ষণ ও পণ্যরে মূল্য নির্ধারণ ওয়ার্কশপ আয়োজন;
- এক্সপোর্ট ডকুমেনটেশন বিষয়ক ০১ টি প্রশিক্ষণ/ওয়ার্কশপ আয়োজন;
- বহুমুখী পাটপণ্য উৎপাদনে উদ্যোক্তাদের চাহিদা অনুযায়ী ৭৫,০০০ গজ/মিটার কাঁচামাল সরবরাহ ।

## প্রস্তাবনা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

নির্বাহী পরিচালক, জুট ডাইভারসিফিকেশন প্রমোশন সেন্টার

এবং

সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়-এর মধ্যে ২০২২ সালের ................. মাসের ................. তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন ১
## দপ্তর/সংস্থার রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি

### ১.১ রূপকল্প (Vision)
পাটের ব্যবহার সম্প্রসারণে পাটপণ্যের বহুমুখীকরণ।

### ১.২ অভিলক্ষ্য (Mission)
বহুমুখী পাটপণ্য উৎপাদনে নতুন উদ্যোক্তা তৈরি, নতুন ডিজাইন ও লাগসই প্রযুক্তি উদ্ভাবন এবং বাজারজাতকরণ কৌশল উন্নয়নের মাধ্যমে বহুমুখী পাটপণ্যের ব্যবহার সম্প্রসারণ।

### ১.৩ কর্মসম্পাদনের ক্ষেত্র
#### ১.৩.১ দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের ক্ষেত্র

১. বহুমুখী পাটপণ্যের স্থানীয় ও আন্তর্জাতিক বাজার সম্প্রসারণে সহযোগিতা জোরদারকরণ;
২. বহুমুখী পাটপণ্যের প্রচার প্রসার ও ব্যবহার সহযোগিতা জোরদারকরণ;
৩. বহুমুখী পাটপণ্য উৎপাদনকারী উদ্যোক্তাদের দক্ষতা উন্নয়ন;

#### ১.৩.২ সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র

১. সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ

### ১.৪ কার্যাবলি (Functions)

১. ১.৪.১.বহুমুখী পাটশিল্পে উদ্যোক্তা উন্নয়নের লক্ষ্যে উদ্যোক্তাদেরকে বিভিন্ন ধরণের প্রশিক্ষণ প্রদান;
২. ১.৪.২. বহুমুখী পাটপণ্যের অভ্যন্তরীণ ও আন্তর্জাতিক বাজার সম্প্রসারণের লক্ষ্যে বিভিন্ন মেলা, ক্রেতা-বিক্রেতা সম্মেলন আয়োজন;
৩. ১.৪.৩. জুট ডাইভারসিফাইড প্রডাক্ট উপযোগী ডিজাইন উন্নয়নে গবেষণার জন্য Research & Development Institution এর গবেষণাকারীদের সহায়তায় ডিজাইন উন্নয়ণ করে তা বাণিজ্যিকিকরণের ব্যবস্থা গ্রহণ;
৪. ১.৪.৪ উদ্যোক্তাদের জন্য নিত্য নতুন ডিজাইন উন্নয়ন ।
৫. ১.৪.৫. বহুমুখী পাটপণ্যের প্রচার, প্রসার ও ব্যবহার বৃদ্ধির জন্য সচেতনতা কর্মশালা/উদ্বুদ্ধকরণ কর্মশালার আয়োজন;
৬. ১.৪.৬. উদ্যোক্তাদের সহজ ও সুলভমূল্যে কাঁচামাল প্রাপ্তিতে সহায়তা প্রদান;

## সেকশন ২
## বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| চূড়ান্ত ফলাফল/প্রভাব | কর্মসম্পাদন সূচকসমূহ | একক | প্রকৃত অর্জন ২০২০-২১ | প্রকৃত অর্জন* ২০২১-২২ | লক্ষ্যমাত্রা ২০২২-২৩ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০২৩-২০২৪ | ২০২৪-২০২৫ | | |
| বহুমুখী পাটপণ্য উৎপাদনে অবদান | বহুমুখী পাটপণ্য উৎপাদনে অবদান | % | ৩২% | ৩৩% | ৩৫% | ৩৬% | ৩৭% | পাট গবেষণা ইন্সটিটিউট,এসএমই ফাউন্ডেশন বিসিক, বাংলাদেশ | জেডিপিসি ও জেইএসসির প্রতিবেদন |

*সাময়িক (provisional) তথ্য

# সেকশন ৩
# কর্মসম্পাদন পরিকল্পনা

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২০-২১ | প্রকৃত অর্জন* ২০২১-২২ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২২-২৩ | | | | | প্রক্ষেপণ ২০২৩-২০২৪ | প্রক্ষেপণ ২০২৪-২০২৫ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| [১] বহুমুখী পাটপণ্যের স্থানীয় ও আন্তর্জাতিক বাজার সম্প্রসারণে সহযোগিতা জোরদারকরণ; | ৩০ | [১.১] বহুমুখী পাটপণ্য মেলা আয়োজন | [১.১.১] আয়োজিত মেলা | সমষ্টি | সংখ্যা | ৬ | ৪ | ২ | ৩ | ২ | ১ | | | ৪ | ৫ |
| | | [১.২] বহুমুখী পাটপণ্য মেলায় অংশগ্রহণ | [১.২.১] অংশগ্রহণকৃত মেলা | সমষ্টি | সংখ্যা | ৫ | ৬ | ৩ | ৫ | ৪ | ৩ | ২ | ১ | ৬ | ৭ |
| | | [১.৩] আন্তর্জাতিক মেলায় অংশগ্রহণের প্রস্তুতি বিষয়ক ওয়ার্কশপ | [১.৩.১] আয়োজিত কর্মশালা | সমষ্টি | সংখ্যা | ৪ | ০ | ১ | ১ | | | | | ২ | ৩ |
| | | [১.৪] বহুমুখী পাটপণ্যের মূল্য নির্ধারণ বিষয়ক ওয়ার্কশপ | [১.৪.১] আয়োজিত কর্মশালা | সমষ্টি | সংখ্যা | ৫ | | | ১ | | | | | ২ | ৩ |
| | | [১.৫] ডিজাইন উন্নয়ন ওয়ার্কশপ | [১.৫.১] আয়োজিত কর্মশালা | সমষ্টি | সংখ্যা | ৫ | ৪ | ২ | ২ | ১ | | | | ৪ | ৫ |
| | | [১.৬] কাঁচামাল সরবরাহ | [১.৬.১] সরবরাহকৃত কাঁচাশাল | সমষ্টি | গজ | ৫ | ৬১০০০ | ৫০০০০ | ৭৫০০০ | ৭০০০০ | ৬০০০০ | ৫৫০০০ | ৫০০০০ | ৮০০০০ | ৮৫০০০ |
| [২] বহুমুখী পাটপণ্যের প্রচার প্রসার ও ব্যবহার সহযোগিতা জোরদারকরণ; | ৩০ | [২.১] সচেতনতা মূলক/উদ্বুদ্ধকরণ কর্মশালা | [২.১.১] আয়োজিত কর্মশালা | সমষ্টি | সংখ্যা | ৭ | ৪ | ৪ | ৫ | ৪ | ৩ | ২ | ১ | ৬ | ৭ |
| | | [২.২] ক্রেতা-বিক্রেতা সম্মেলন | [২.২.১] আয়োজিত সম্মেলন | সমষ্টি | সংখ্যা | ৬ | ২ | ২ | ২ | ১ | | | | ৩ | ৪ |
| | | [২.৩] উদ্যোক্তাদের সাথে মতবিনিময় সভা | [২.৩.১] আয়োজিত সভা | সমষ্টি | সংখ্যা | ৫ | ৪ | ৫ | ৫ | ৪ | ৩ | ২ | ১ | ৬ | ৭ |
| | | [২.৪] উদ্যোক্তাদের ঋণ প্রাপ্তির লক্ষ্যে সভা | [২.৪.১] আয়োজিত সভা | সমষ্টি | সংখ্যা | ৪ | | ১ | ২ | ১ | | | | ৩ | ৪ |
| | | [২.৫] জুট জিও-টেক্সটাইলের ব্যবহার বৃদ্ধির লক্ষ্যে স্টেক হোল্ডারের সাথে সভা | [২.৫.১] আয়োজিত সভা | সমষ্টি | সংখ্যা | ০ | | ১ | ১ | | | | | ২ | ৩ |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২০-২১ | প্রকৃত অর্জন* ২০২১-২২ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২২-২৩ | | | | | প্রক্ষেপণ ২০২৩-২০২৪ | প্রক্ষেপণ ২০২৪-২০২৫ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| | | [২.৬] এপিএ সংশ্লিষ্ট কর্মকর্তাদের সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে প্রশিক্ষণ আয়োজন | [২.৬.১] আয়োজিত সভা | সমষ্টি | সংখ্যা | ৩ | | | ১ | | | | | ১ | ২ |
| | | [২.৭] উদ্যোক্তাদেরে অ্যাওয়ার্ড/সম্মাননা প্রদান | [২.৭.১] প্রদত্ত সম্মাননা | সমষ্টি | সংখ্যা | ৫ | ১ | ১ | ১ | | | | | ১ | ২ |
| [৩] বহুমুখী পাটপণ্য উৎপাদনকারী উদ্যোক্তাদের দক্ষতা উন্নয়ন; | ১০ | [৩.১] উদ্যোক্তা উন্নয়ন প্রশিক্ষণ | [৩.১.১] আয়োজিত প্রশিক্ষণ | সমষ্টি | সংখ্যা | ৩ | ২৮২ | ২৯০ | ৩০০ | ২৯০ | ২৮০ | ২৭০ | ২৬০ | ৩২০ | ৩৩০ |
| | | [৩.২] পণ্যের গুনগতমান উন্নয়ন প্রশিক্ষণ | [৩.২.১] আয়োজিত প্রশিক্ষণ | সমষ্টি | সংখ্যা | ২ | | ৩ | ৩ | ২ | ১ | | | ৪ | ৪ |
| | | [৩.৩] ই-মার্কেটিং বিষয়ক প্রশিক্ষণ | [৩.৩.১] আয়োজিত প্রশিক্ষণ | সমষ্টি | সংখ্যা | ৩ | | ৩ | ৫ | ৪ | ৩ | ২ | ১ | ৬ | ৭ |
| | | [৩.৪] এক্সপোর্ট ডকুমেনটেশন বিষয়ক প্রশিক্ষণ/ওয়ার্কশপ | [৩.৪.১] আয়োজিত প্রশিক্ষণ/ওয়ার্কশপ | সমষ্টি | সংখ্যা | ২ | ১ | ১ | ১ | | | | | ২ | ৩ |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২০-২১ | প্রকৃত অর্জন* ২০২১-২২ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২২-২৩ | | | | | প্রক্ষেপণ ২০২৩-২০২৪ | প্রক্ষেপণ ২০২৪-২০২৫ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| [১] সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ | ৩০ | [১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ১০ | | | | | | | | | |
| | | [১.২] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.২.১] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ১০ | | | | | | | | | |
| | | [১.৩] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৩.১] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৪ | | | | | | | | | |
| | | [১.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৪.১] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৩ | | | | | | | | | |
| | | [১.৫] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৫.১] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৩ | | | | | | | | | |

*সাময়িক (provisional) তথ্য

আমি, নির্বাহী পরিচালক, জুট ডাইভারসিফিকেশন প্রমোশন সেন্টার, সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকব।

আমি, সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয় হিসাবে নির্বাহী পরিচালক, জুট ডাইভারসিফিকেশন প্রমোশন সেন্টার-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

নির্বাহী পরিচালক
জুট ডাইভারসিফিকেশন প্রমোশন সেন্টার

তারিখ

সচিব
বস্ত্র ও পাট মন্ত্রণালয়

তারিখ

## সংযোজনী-১

| ক্রমিক নম্বর | শব্দসংক্ষেপ (Acronyms) | বিবরণ |
|---|---|---|
| ১ | SIP | ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প |
| ২ | আরএমবি | র-মেটিরিয়াল ব্যাংক (কাঁচামাল ব্যাংক) |
| ৩ | জেইএসসি | জুট এন্ট্রপ্রেনিয়র সার্ভিস সেন্টার |
| ৪ | জেডিপিসি | জুট ডাইভারসিফিকেশন প্রমোশন সেন্টার |
| ৫ | বিজেআরআই | বাংলাদেশ পাট গবেষণা ইনষ্টিটিউট |
| ৬ | বিজেএমসি | বাংলাদেশ জুট মিলস করপোরেশন |
| ৭ | বিজেএসএ | বাংলাদেশ জুট স্পিনার এ্যাসোসিয়েশন |

# সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা | লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক |
|---|---|---|---|
| [১.১] বহুমুখী পাটপণ্য মেলা আয়োজন | [১.১.১] আয়োজিত মেলা | বাজার গবেষণা ও উন্নয়ন বিভাগ | মেলার নোটিশ, আমন্ত্রণপত্র ও মেলার প্রতিবেদন |
| [১.২] বহুমুখী পাটপণ্য মেলায় অংশগ্রহণ | [১.২.১] অংশগ্রহণকৃত মেলা | বাজার গবেষণা ও উন্নয়ন বিভাগ | মেলার নোটিশ, আমন্ত্রণপত্র ও মেলার প্রতিবেদন |
| [১.৩] আন্তর্জাতিক মেলায় অংশগ্রহণের প্রস্তুতি বিষয়ক ওয়ার্কশপ | [১.৩.১] আয়োজিত কর্মশালা | বাজার গবেষণা ও উন্নয়ন বিভাগ | ওয়ার্কশপের নোটিশ ও প্রতিবেদন |
| [১.৪] বহুমুখী পাটপণ্যের মূল্য নির্ধারণ বিষয়ক ওয়ার্কশপ | [১.৪.১] আয়োজিত কর্মশালা | প্রযুক্তি ও গবেষনা ও প্রশিক্ষণ বিভাগ | ওয়ার্কশপের নোটিশ ও প্রতিবেদন |
| [১.৫] ডিজাইন উন্নয়ন ওয়ার্কশপ | [১.৫.১] আয়োজিত কর্মশালা | ডিজাইন ও ফ্যাশন বিভাগ | ওয়ার্কশপের নোটিশ ও প্রতিবেদন |
| [১.৬] কাঁচামাল সরবরাহ | [১.৬.১] সরবরাহকৃত কাঁচাশাল | প্রকল্প পরিধান ও বাস্তবায়ন বিভাগ ও জেইএসসি | কাঁচামাল বিক্রয়য়ের প্রতিবেদন |
| [২.১] সচেতনতা মূলক/উদ্বুদ্ধকরণ কর্মশালা | [২.১.১] আয়োজিত কর্মশালা | বাজার গবেষণা ও উন্নয়ন বিভাগ | সচেতনতা কর্মশালার প্রতিবেদন |
| [২.২] ক্রেতা-বিক্রেতা সম্মেলন | [২.২.১] আয়োজিত সম্মেলন | বাজার গবেষণা ও উন্নয়ন বিভাগ | ক্রেতা- বিক্রেতা সম্মেলনের নোটিশ ও প্রতিবেদন |
| [২.৩] উদ্যোক্তাদের সাথে মতবিনিময় সভা | [২.৩.১] আয়োজিত সভা | প্রকল্প পরিধান ও বাস্তবায়ন বিভাগ | মতবিনিময় সভার প্রতিবেদন |
| [২.৪] উদ্যোক্তাদের ঋণ প্রাপ্তির লক্ষ্যে সভা | [২.৪.১] আয়োজিত সভা | প্রকল্প পরিধান ও বাস্তবায়ন বিভাগ | মতবিনিময় সভার প্রতিবেদন |
| [২.৫] জুট জিও-টেক্সটাইলের ব্যবহার বৃদ্ধির লক্ষ্যে স্টেক হোল্ডারের সাথে সভা | [২.৫.১] আয়োজিত সভা | প্রকল্প পরিধান ও বাস্তবায়ন বিভাগ | সভার প্রতিবেদন |
| [২.৬] এপিএ সংশ্লিষ্ট কর্মকর্তাদের সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে প্রশিক্ষণ আয়োজন | [২.৬.১] আয়োজিত সভা | প্রকল্প পরিধান ও বাস্তবায়ন বিভাগ | প্রতিবেদন |
| [২.৭] উদ্যোক্তাদরে অ্যাওয়ার্ড/সম্মাননা প্রদান | [২.৭.১] প্রদত্ত সম্মাননা | প্রকল্প পরিধান ও বাস্তবায়ন বিভাগ | প্রতিবেদন |
| [৩.১] উদ্যোক্তা উন্নয়ন প্রশিক্ষণ | [৩.১.১] আয়োজিত প্রশিক্ষণ | প্রযুক্তি ও গবেষনা ও প্রশিক্ষণ বিভাগ | উপস্থিতির তালিকা ও প্রশিক্ষণের প্রতিবেদন |
| [৩.২] পণ্যের গুনগতমান উন্নয়ন প্রশিক্ষণ | [৩.২.১] আয়োজিত প্রশিক্ষণ | বাজার গবেষণা ও উন্নয়ন বিভাগ | প্রশিক্ষণের প্রতিবেদন |
| [৩.৩] ই-মার্কেটিং বিষয়ক প্রশিক্ষণ | [৩.৩.১] আয়োজিত প্রশিক্ষণ | বাজার গবেষণা ও উন্নয়ন বিভাগ | প্রশিক্ষণের প্রতিবেদন |
| [৩.৪] এক্সপোর্ট ডকুমেনটেশন বিষয়ক প্রশিক্ষণ/ওয়ার্কশপ | [৩.৪.১] আয়োজিত প্রশিক্ষণ/ওয়ার্কশপ | বাজার গবেষণা ও উন্নয়ন বিভাগ | ওয়ার্কশপের প্রতিবেদন |

## সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | যেসকল অফিসের সাথে সংশ্লিষ্ট | সংশ্লিষ্ট অফিসের সাথে কার্যক্রম সমন্বয়ের কৌশল |
|---|---|---|---|
| বহুমুখী পাটপণ্য মেলায় অংশগ্রহণ | অংশগ্রহণকৃত মেলা | রপ্তানি উন্নয়ন ব্যুরো | উক্ত প্রতিষ্ঠানের সাথে যৌথভাবে মেলা আয়োজন করা হয়ে থাকে। এ বিষয়ে তাদের সাথে চুক্তি রয়েছে। |

## সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ